



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/রাজশাহী-৪৮/ ১০৬৮৪

M.C.  
12956

তারিখঃ ২৪/০৯/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ নং-প্রশা/১০৫৬৭/১/নথি নং-৪৮; তারিখঃ ২১/০৬/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন শ্রীপুর রামনগর আলিম মাদ্রাসার অধ্যক্ষ আলতাফ হোসেন “শ্রীপুর রামনগর দাখিল মাদরাসা” নামের প্যাডে সুপার পরিচয় দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করেছেন। তার আবেদনের প্রেক্ষিতে মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসাটি আলিম স্তরের এবং ইতোপূর্বে গভার্ণিং বডির অনুমোদন দেয়া হয়েছিল বিধায় কেন মাদ্রাসাটিকে দাখিল স্তর দেখানো হয়েছে সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রোক্ত স্মারকে অধ্যক্ষকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার অধ্যক্ষ বোর্ডকে জানিয়েছেন যে, “২০১২ সাল হতে অদ্যাবধি আলিম স্তরে কোন ছাত্র-ছাত্রী ভর্তি হয় নাই এবং পাবলিক পরীক্ষায় কোন পরীক্ষার্থী অংশগ্রহণ করে নাই। যেহেতু আলিম স্তর বন্ধ হওয়ার উপক্রম সেহেতু উক্ত স্তর বন্ধ করার জন্য গত ১৫/০৪/২০১৭ তারিখে গভার্ণিং বডির সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত মোতাবেক আলিম স্তর অনুমতি প্রত্যাহারের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন করা হয়েছে” (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অধ্যক্ষের বক্তব্য অনুযায়ী মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক .....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
21-09-17


প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার,  
বাগমারা, রাজশাহী।

  
২১/০৯/১৭

নং-বামাশিবো/প্রশাসন/রাজশাহী-৪৮/ ১০৬৮৪

তারিখঃ ২৪.০৯.২০১৭খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

১. জেলা প্রশাসক, রাজশাহী।
২. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাগমারা, রাজশাহী।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪